

সিটিজেনস্ চার্টার ২০২২-২০২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা

বাংলাদেশ ব্যাংকে সিটিজেনস্ চার্টার বাস্তবায়নের জন্য গঠিত পরিবীক্ষণ কমিটির ২২/০৮/২০২২ তারিখের সভার গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ ব্যাংকের জন্য ২০২২-২০২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা নিম্নরূপঃ

- ১। ২০২২-২০২৩ অর্থবছরে সিটিজেনস্ চার্টার বাস্তবায়নের জন্য গঠিত পরিবীক্ষণ কমিটির ৪ (চার) টি সভা অনুষ্ঠিত হবে ।
- ২। প্রতিটি বিভাগ/সেল/ইউনিট/অফিস এর সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন বিষয়ক একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনীত আছেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তা পরিবর্তন হলে অথবা নতুন ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনীত হলে তা ইমেইলের মাধ্যমে (citizens.charter@bb.org.bd) অবহিত করতে হবে ।
- ৩। বাংলাদেশ ব্যাংকের প্রতিটি বিভাগ/ অফিস ত্রৈমাসিক ভিত্তিতে তাদের সিটিজেনস্ চার্টার হালনাগাদ করত: পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে উপরোক্ত ইমেইলের মাধ্যমে প্রেরণ করবে। বাংলাদেশ ব্যাংকের হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১ এর অর্গানাইজেশন এন্ড ডেভেলপমেন্ট উইং ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকৃত সিটিজেনস্ চার্টার বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ।
- ৪। বাংলাদেশ ব্যাংকের হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১ এর অর্গানাইজেশন এন্ড ডেভেলপমেন্ট উইং আর্থিক খাতের সকল স্টেকহোল্ডারদের (সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এবং বাংলাদেশ ব্যাংকের সকল বিভাগ ও অফিস) নিয়ে ২০২২-২০২৩ অর্থবছরে সুবিধাজনক সময়ে ০২ (দুই) টি সভা আয়োজন করবে ।
- ৫। বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন বিষয়ে সচেতন করার লক্ষ্যে সিটিজেনস্ চার্টার টিম/শাখা/উপশাখা/সেল কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ/কর্মশালা (প্রতি বছর ন্যূনতম ০৪টি) অনুষ্ঠিত হবে। এই প্রশিক্ষণ/ কর্মশালায় প্রতিটি বিভাগ/সেল/ইউনিট/অফিসসমূহের ফোকাল পয়েন্ট/মনোনীত কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন। এই প্রশিক্ষণ/ কর্মশালা স্বশরীরে/ অনলাইনে অনুষ্ঠিত হতে পারে ।
- ৬। বাংলাদেশ ব্যাংকের বিভাগ/অফিসসমূহের প্রস্তুত/ হালনাগাদকৃত সিটিজেনস্ চার্টার অনুযায়ী সেবা প্রদান করা হচ্ছে কি না তা পরিবীক্ষণ কমিটি নিয়মিত মনিটরিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে । ।